

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
(আইসিটি শাখা)
www.faridpur.gov.bd


জেলা আইসিটি সমন্বয় কমিটির এপ্রিল ২০২৪ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ, জেলাপ্রশাসক, ফরিদপুর
সভার তারিখ	: ১৮-০৪-২০২৪ খ্রি.
সভার সময়	: বেলা ১১:৪০ ঘটিকা
স্থান	: জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ ও ২০৪১ সালে স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠায় তথ্য প্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের উপর অধিকতর গুরুত্ব আরোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য দেওয়া হয়। অতঃপর সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	গত ১৪/০৩/২০২৪ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়।	আলোচনান্তে কার্যবিবরণীর কোন সংশোধন না থাকায়, তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	-
০২	উপজেলা পর্যায়ে আইসিটি কমিটির সভা আয়োজন নিশ্চিত করাসহ সভার কার্যবিবরণী স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।	উপজেলা আইসিটি কমিটি সভার কার্যবিবরণী চরভদ্রাসন উপজেলা ব্যতীত অন্য কোন উপজেলা হতে পাওয়া যাচ্ছে না, যা অনভিপ্রেত। প্রতিমাসে সভা আয়োজন পূর্বক সভার কার্যবিবরণী স্ব-স্ব উপজেলা ওয়েব পোর্টালে আপলোড এবং জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী সভায় সকল উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর ৩) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, ফরিদপুর ৪) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), ফরিদপুর
০৩	ফরিদপুর জেলার সকল সরকারি দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম তদারকি।	১) স্ব-স্ব দপ্তরের সকল তথ্য/কার্যক্রম ওয়েব পোর্টালে শতভাগ (কর্মকর্তা প্রোফাইল, নোটিশ, খবর, সভার কার্যবিবরণী, বরাদ্দ, উপকারভোগীদের তালিকা ও সিটিজেন চার্টার) নির্দিষ্ট সেবাবক্সে উপস্থাপন করতে হবে। ২) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল দপ্তরের ওয়েব পোর্টাল তৈরী নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩) জেলা পর্যায়ে প্রোগ্রামার এবং উপজেলা পর্যায়ের সহকারী প্রোগ্রামারগণ প্রতিমাসে নিয়মিতভাবে ১০টি কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়টি নিশ্চিত করার কার্যক্রম চালিয়ে যাবেন এবং তার তালিকা সভায় উপস্থাপন করবেন। ৪) প্রত্যেক মাসে সকল সরকারি অফিসের প্রতিনিধিকে নিয়ে জেলাপ্রশাসকের কার্যালয়ে বসে স্ব স্ব সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর ২) প্রোগ্রামার, ফরিদপুর ৩) জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর ৪) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), ফরিদপুর ৫) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (সকল), ফরিদপুর।
০৪	বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত: ক) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার।	১) সরকারি প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যক্তিগত কন্টেন্ট শেয়ার না করার জন্য সভায় সকলকে অনুরোধ করা হয়। ২) জেলার দপ্তরসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক পেজে, ইউটিউবে) তাদের নিয়মিত কার্যক্রমসমূহ ছবিসহ তুলে ধরবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	১) দপ্তর প্রধান (সকল), ফরিদপুর ২) প্রোগ্রামার (ভাঃ), ফরিদপুর ৩) সহকারী প্রোগ্রামার (সকল), ফরিদপুর

অতঃপর সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশের স্বপ্ন সার্থক করতে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



28/8/28

(মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ)
জেলাপ্রশাসক
ফরিদপুর
ফোনঃ ০২৪৭৮৮০৩০২২
ই-মেইল: dcfaridpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.১২.২৯০০.০২১.০৪.০০১.২৪- ৬৬ (২৫)
বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

তারিখ: ২৪/০৪/২০২৪খ্রি:

- ০১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
- ০৪) জেলা দপ্তর, ফরিদপুর।
- ০৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।
- ০৬) প্রোগ্রামার (ভা:), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফরিদপুর
- ০৭) সহকারী প্রোগ্রামার (সকল), ফরিদপুর।
- ০৮) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,।
- ০৯) জনাব,।


28/08/24

ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইসিটি শাখা
জেলাপ্রশাসকের কার্যালয়, ফরিদপুর